'ছেলে হোক, মেয়ে হোক, দু'টি সন্তানই যথেষ্ট'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নড়াইল
fpo.narail.gov.bd

নং-জেপপ/নড়া/২০২১/ ৫৫০

তারিখ: ১৭ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
৪ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নড়াইল জেলার আওতাধীন নিম্নবর্ণিত রাজস্বখাত ভুক্ত শূন্য পদ পূরণের নিমিত্ত পদের পাশে উল্লিখিত সংশ্লিষ্ট জেলা/উপজেলা/ইউনিয়ন/পৌরসভা/ইউনিট/ওয়ার্ডের স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যে এলাকার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | পরিবার কল্যাণ সহকারী [গ্রেড-১৭, ৯০০০-২১৮০০/-] (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ২৫ (পঁচিশ) টি | তালিকা-১ দ্রষ্টব্য | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। |
| ২ | আয়া [গ্রেড-২০, ৮২৫০-২০০১০/-] (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ০৪ (চার) টি | নড়াইল জেলার স্থায়ী বাসিন্দা | ৮ম শ্রেণি/সমমান পাশ। |

**তালিকা-১(পদের নাম: পরিবার কল্যাণ সহকারী)**

| উপজেলার নাম ও পদ সংখ্যা | ইউনিয়নের নাম | শূন্য ইউনিটের/ওয়ার্ডের নাম | যে যে গ্রাম/মহল্লা/এলাকা নিয়ে গঠিত |
|---|---|---|---|
| কালিয়া (KALIA)- ৫ (পাঁচ) টি | বাবরা হাচলা(BABRAHACHLA)-১(এক)টি | ১/ক [1/KA] | শুক্তগ্রাম |
| | মাউলী (MAULI)-১ (এক) টি | ১/খ [1/KHA] | মাউলী |
| | খাশিয়াল (KHASIAL)-১ (এক) টি | ২/খ [2/KHA] | চোরখালী |
| | পেড়লী (PERULI)-১ (এক) টি | ১/খ [1/KHA] | শীতলবাটি,সাতবাড়িয়া,পেড়লীস্থান |
| | চাঁচুড়ী (CHANCHARI)-১ (এক) টি | ৩/খ [3/KHA] | হাড়িয়ারঘোপ,আমবাড়ি,দাদনতলা |
| নড়াইল সদর (NARAIL SADAR)- ১২ (বার) টি | মাইজপাড়া (MAIJPARA)-১ (এক) টি | ১/ক [1/KA] | মাইজপাড়া,দৌলতপুর,পোড়াডাংগা, কাঠালবাড়িয়া,লোকনাথপুর,কাজলা |
| | চন্ডিবরপুর (CHANDIBARPUR)-২ (দুই) টি | ১/ক [1/KA] | রতডাংগা (পালপাড়া, কুরিপাড়া,বাদ্যকারপাড়া,দক্ষিণপাড়া, কলুপাড়া,শাহাপাড়া,ভদ্রপাড়া, মধ্যপাড়া, মধ্যবিলপাড়া,মল্লিকপাড়া) |
| | | ১/খ [1/KHA] | গন্ধর্বখালী, ফুলবাড়ি, শংকরপুর, রতডাংগা (মল্লিকবিলপাড়া, উত্তরপাড়া) |
| | আউড়িয়া (AURIA) -২ (দুই) টি | সাবেক ২ নং ওয়ার্ড (বর্তমান ৪,৫,৬) 2 NO. WARD | ঘোষপুর, কমলাপুর, নাকশী, খলিশাখালি, তালতলা, রঘুনাথপুর |
| | | ৩/ক [3/KA] | চৌগাছা, বুড়িখালী, রামচন্দ্রপুর, শড়াতলা |
| | তুলারামপুর (TULARAMPUR)-৩(তিন)টি | ১/খ [1/KHA] | চাচড়া |
| | | ২/ক [2/KA] | তুলারামপুর (দক্ষিণপাড়া, মধ্যপাড়া, হাটপাড়া) |
| | | ৩/ক [3/KA] | পেড়লী, চামরুল, বেতেঙ্গা |
| | শেখহাটী (SHEIKHATI)-১ (এক) টি | ১/ক [1/KA] | গোয়াখোলা, হাতিয়াড়া, মালিয়াট, বাকলী |
| | কলোড়া (KOLORA) -১ (এক) টি | সাবেক ৩ নং ওয়ার্ড (বর্তমান ৭,৮,৯) 3 NO. WARD | গোয়ালবাড়ি,কলোড়া,বীড়গ্রাম,মশুড়িয়া |
| | বিছালী (BICHALI)-২ (দুই) টি | ১/ক [1/KA] | মির্জাপুর (উত্তরপাড়া, মধ্যপাড়া, পূর্বপাড়া), আড়পাড়া |
| | | ৩/ক [3/KA] | রুন্দিয়া, বনখলিশাখালী, কালীনগর, বিছালী (পূর্বপাড়া, মান্দারবাড়িয়া, কারিকর পাড়া) |
| লোহাগড়া (LOHAGARA)- ৮ (আট) টি | নলদী (NALDI)-১ (এক) টি | ৩/খ [3/KHA] | কালাচাদপুর, ব্রহ্মানীনগর, মঠবাড়ি,মতিনগর |
| | লাহুড়িয়া (LAHURIA)-২ (দুই) টি | ১/ক [1/KA] | হিন্দুপাড়া, ছায়মানারচর, মোল্যাপাড়া, পশ্চিমপাড়া, কচুবাড়িয়া |
| | | ১/খ [1/KHA] | আরাজিমন্ডলগাতি, দিননাথপাড়া, পচাশিপাড়া,ঝামারঘোপ,গোবিন্দপাড়া, কাদিরপাড়া |
| | লক্ষীপাশা (LAXMIPASHA)-১ (এক) টি | সাবেক ৩ নং ওয়ার্ড (বর্তমান ৫,৬,৮,৯) 3 NO. WARD | আমাদা, উলো, বয়রা, হামারোল |
| | জয়পুর (JOYPUR)-১ (এক) টি | ৩/খ [3/KHA] | আমডাঙ্গা, আস্তাইল |
| | লোহাগড়া (LOHAGARA)-১ (এক) টি | ৩/ক [3/KA] | চরকরফা, ধর্মদেবপাড়া, কালনা, চরকালনা, পূর্বচরকালনা, চরবগজুড়ি |
| | দিঘলিয়া (DIGHALIA)-১ (এক) টি | ৩/খ [3/KHA] | কোলা,দিঘলিয়া(পূর্বপার-লালন শেখের বাড়ি থেকে ইমদাদুল শেখ এর বাড়ি পর্যন্ত), দিঘলিয়া (উত্তরপাড়া-মো: শরিফুল বিশ্বাস এর বাড়ি থেকে রাজকুমারের বাড়ি পর্যন্ত) |
| | ইতনা (ITNA)-১ (এক) টি | ২/খ [2/KHA] | দক্ষিণ লংকারচর, দক্ষিণ পাংখারচর |

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :

(১) পরিবার কল্যাণ সহকারী পদের আবেদনকারীকে অবশ্যই শূন্য পদের বিপরীতে প্রদর্শিত সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ইউনিট/ওয়ার্ডের আওতাভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(২) অনলাইনে আবেদন গ্রহণ শুরুর তারিখে যে সকল প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর তাঁরা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে যে সকল বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫ মার্চ ২০২০ তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর, তাঁরাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৩) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৫) নিয়োগ বিজ্ঞপ্তির ১ থেকে ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] জমা দিতে হবে;

(৬) প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

4/10/21

(গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ(আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);
(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ; (জ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(৮) মৌখিক পরীক্ষার সময় অনুচ্ছেদ-৭ এর নির্দেশনামতে জমাকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শনের পাশাপাশি ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদ/কাগজপত্রের সাথে অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যের অসামঞ্জস্যতা পাওয়া গেলে প্রার্থীর প্রার্থীতা বাতিল হয়ে যাবে।
(৯)পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
(১০)কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
(১১)কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।
(১২)নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
(১৩)লিখিত/ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
(১৪)ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dgfpnarail.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্রপূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১১/১০/২০২১, সকাল ১০:০০ টা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১০/২০২১, বিকাল ০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তপ্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য300Pixel x প্রস্থ 300Pixel) এবংস্বাক্ষর (দৈর্ঘ্য 300Pixel x প্রস্থ 80Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘন পূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে এক কপি এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMSপ্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবেপূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্নপ্রার্থী একটি User ID,ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে দুইটি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা [পরীক্ষারফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান প্রক্রিয়া:
প্রথম SMS: DGFPNARAIL<SPACE>User ID লিখে 16222 নম্বরে SEND করতে হবে। উদাহরণ: DGFPNARAIL ABCDEF
Reply: Applicant's Name, Tk. 56 will be charged as application fee, your PIN is 123456789. To pay fee Type DGFPNARAIL<Space<YES<Space<PIN and send to 16222
দ্বিতীয় SMS: DGFPNARAIL<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতেহবে। উদাহরণ: DGFPNARAIL YES 123456789
Reply: Congratulations Aplicant's Name, Payment completed successfully for DGFPNARAIL Recruitment Application for XXXXXXX, User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).
বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfpnarail.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচলরাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোলনম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বকপ্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজনিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে: DGFPNARAIL<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণ: DGFPNARAIL HELP USER ABCDEF
ii) PIN Number জানা থাকলে: DGFPNARAIL<Space>HELP<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণ: DGFPNARAIL HELP PIN123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।
(ই-মেইলের Subject এ DGFPNARAIL, xxxxxxxxxxxxx (পদের নাম), Applicant'sUser ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

শেষ সময়ের জন্য অপেক্ষা না করে দ্রুত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো

০৪/১০/২১
(মোঃ রেজাউল করিম)
উপপরিচালক ও
সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা নিয়োগ/বাছাই কমিটি
ফোন:০৪৮১-৬২৪৯৪
ইমেইল: ddfpnarail@yahoo.com